

ডিমলাইনারে ত্রুটি নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই: বিমানমন্ত্রী

- A Monitor Desk Report

Date: 20 April, 2024



ঢাকা: ডিমলাইনার-৭৮৭ মডেলের উডোজাহাজের বিষয়ে বোয়িং এর সাবেক প্রকৌশলীর উত্থাপিত কারিগরি ত্রুটির বিষয়ে কোম্পানিটির সঙ্গে দ্রুত কথা বলতে বিমানকে নির্দেশ দিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী মুহাম্মদ ফারুক খান এমপি। আজ (২০ এপ্রিল) বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আজিমের সাথে টেলিফোনে আলাপকালে তিনি এ নির্দেশনা দেন।

মন্ত্রী বলেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে থাকা ডিমলাইনার উডোজাহাজগুলো নতুন হওয়ায় আপাতত উত্থাপিত কারিগরি সমস্যা নিয়ে আমাদের আতঙ্কিত হওয়ার কিছু নেই। তবে ভবিষ্যতের কথা ভেবে এবং যাত্রী নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে কারিগরি বিষয়গুলো নিয়ে উডোজাহাজ তৈরিকারী কোম্পানি বোয়িং এর সাথে দ্রুত কথা বলে বিষয়টি পরিষ্কার হওয়া প্রয়োজন। কারণ বাংলাদেশ সরকার এবং বিমানের কাছে যাত্রীদের নিরাপত্তাই মুখ্য বিষয়।

এসময় বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জানান কারিগরি ও মেইনটেনেন্স সংক্রান্ত বিষয়ে বোয়িং এর সাথে বিমানের সার্বক্ষণিক যোগাযোগ বিদ্যমান। দ্রুতই এ বিষয়ে অধিকতর তথ্য জেনে মন্ত্রীকে অবহিত করবেন।

উল্লেখ্য, গত ১ এপ্রিল সকালে পড়ে গিয়ে মুহাম্মদ ফারুক খান কোমরে আঘাত পান। পরবর্তীতে তাঁকে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসার জন্য নিয়ে গেলে হিপ জয়েন্টে ফ্র্যাকচার ধরা পড়ে। তখন ডাক্তারগণ তাঁকে দ্রুত অপারেশনের মাধ্যমে হিপ জয়েন্ট রিপ্লেসমেন্ট করার পরামর্শ দেন। সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) অপারেশন করার সিদ্ধান্তে অটল থাকেন। পরবর্তীতে ২ এপ্রিল তাঁর হিপ জয়েন্ট রিপ্লেসমেন্টের সফল অপারেশন হয়।